- (ক) শ্রেণিব্যাপ্তি 10 ধরে শ্রেণিসংখ্যা নির্ণয় করো।
- (খ) উপযুক্ত সারণি তৈরি করে প্রচুরক নির্ণয় করো।
- (গ) সারণির সাহায্যে বিবরণসহ গণসংখ্যা বহুভুজ আঁকো।



আজ্ঞামান আদর্শ সরকারি উচ্চ বিদ্যালয়, নেত্রকোনা

নির্বাচনি পরীক্ষা-২০২৫; গণিত (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট

পূর্ণমান : ৩০

বিশেষ দৃষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।

১। $x : y = 2 : 3$ এবং $2 : x = 1 : 2$ হলে, $y =$ কত?

- ক) $\frac{1}{3}$ খ) $\frac{3}{2}$ গ) 6 ঘ) 8

২। $a = \sqrt{5}$, $b = \sqrt{3}$ হলে $(a + b)^2 - 2ab$ এর মান কত?

- ক) 2 খ) $\sqrt{15}$
গ) $2\sqrt{15}$ ঘ) 8

৩। $f(x) = x^4 + 7x^2 - 5$ হলে $f(-1)$ এর মান কত?

- ক) 1 খ) 3 গ) 11 ঘ) 13

৪। $\left(\frac{1}{3}x^2 - 3\right)$ এর উৎপাদকে বিশ্লেষিত রূপ কোনটি?

ক) $\frac{1}{3}(x+3)\left(\frac{x}{3}-1\right)$

খ) $\left(\frac{x}{3}+1\right)(x-1)$

গ) $3\left(\frac{x}{3}+1\right)(x-1)$

ঘ) $\left(\frac{x}{3}+1\right)(x-3)$

৫। $(x+3, y-5) = (5, 3)$ হলে, $(x, y) =$ কত?

- ক) (2, -2) খ) (2, 8)
গ) (0, 10) ঘ) (8, 8)

৬। $A = \{a, b, c\}$, $B = c$ হলে, $p(A - B)$ উপাদান সংখ্যা কয়টি?

- ক) 1 খ) 2 গ) 4 ঘ) 8

৭। $x + \frac{1}{x} = 6$ হলে—

i. $x^2 - 6x + 1 = 0$

ii. $\left(x - \frac{1}{x}\right)^2 = 32$

iii. $x^2 + \frac{1}{x^2} = 38$

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

■ 4% হার মুনাফায় 625 টাকা 2 বছরের জন্য বিনিয়োগ করা হলো।

উপরের তথ্যের আলোকে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :

৮। মুনাফা মূলধন নিচের কোনটি?

- ক) 630 টাকা খ) 650 টাকা
গ) 675 টাকা ঘ) 1125 টাকা

৯। সরল মুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য কত?

- ক) 2 টাকা খ) 1.5 টাকা
গ) 1 টাকা ঘ) 0.1 টাকা


১০। দুইটি রাশির অনুপাত 2 : 3 এবং তাদের অন্তরফল 9 হলে ক্ষুদ্রতর সংখ্যাটি কত?

- ক) 9 খ) 18 গ) 27 ঘ) 36

১১। পরিসীমা ও একটি কোণের মান জানা প্রয়োজন কোনটি আঁকতে?

- ক) বর্গ খ) রম্বস
গ) আয়তক্ষেত্র ঘ) সামান্তরিক

১২।



চিত্রে PA এবং PB দুইটি স্পর্শক এবং $\angle PAB = 30^\circ$ হলে, $\angle AOB$ এর মান কত?

- ক) 120° খ) 90° গ) 60° ঘ) 30°


১৩। 60° কোণের সম্পূর্ণ কোণের অর্ধেক নিচের কোনটি?

- ক) 30° খ) 60° গ) 90° ঘ) 120°

১৪। একটি নির্দিষ্ট চতুর্ভুজ আঁকার জন্য কতটি স্বতন্ত্র উপাত্ত প্রয়োজন?

- ক) ১ খ) ২ গ) ৪ ঘ) ৫

■ প্রদত্ত উদ্দীপক থেকে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :



চিত্রে O বৃত্তের কেন্দ্র

১৫। $\angle BAC =$ কত?

- ক) 30° খ) 45° গ) 60° ঘ) 120°

১৬। প্রবৃত্তকোণ $\angle BOC$ এর মান কত?

- ক) 120° খ) 180° গ) 240° ঘ) 280°

১৭। বৃত্তের ক্ষেত্রে—

i. সূক্ষ্মকোণী ত্রিভুজের পরিকেন্দ্র ত্রিভুজের অভ্যন্তরে

ii. স্থূলকোণী ত্রিভুজের পরিকেন্দ্র ত্রিভুজের বর্হিভাগ

iii. সমকোণী ত্রিভুজের পরিকেন্দ্র অতিভুজের উপর

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৮। O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে জ্যা AB > জ্যা CD, $OE \perp AB$ এবং $OF \perp CD$ হলে,

- ক) $OE > OF$ খ) $OE < OF$
গ) $OE = OF$ ঘ) $OA > OC$

১৯। সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণ দুইটির পরিমাণ দেওয়া থাকলে নিচের কোন ক্ষেত্রে ত্রিভুজ অঙ্কন করা সম্ভব?

- ক) 60° ও 36° খ) 40° ও 50°
গ) 30° ও 70° ঘ) 80° ও 20°

২০। একটি সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজের সমান বাহুদ্বয়ের প্রতিটির দৈর্ঘ্য 18 সে.মি. হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?

- ক) 36 খ) 81 গ) 162 ঘ) 324

২১। দুইটি বৃত্ত পরস্পরকে বহিঃস্পর্শ করে। এদের একটির ব্যাস 8 সে.মি. এবং অপরটির ব্যাসার্ধ 4 সে.মি. এদের কেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব কত সে.মি. হবে?

- ক) 0 খ) 4 গ) 8 ঘ) 12

২২। যোজিত গণসংখ্যা প্রয়োজন—

- i. গড় নির্ণয়
ii. মধ্যক নির্ণয়
iii. অজিভরেখা অঙ্কন করতে
নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

■ নিচের তথ্যের আলোকে (২৩ ও ২৪) নং প্রশ্নের উত্তর দাও :

শ্রেণিব্যাপ্তি	11-20	21-30	31-40	41-50	51-60
গণসংখ্যা	4	18	22	16	10

২৩। মধ্যক শ্রেণি কোনটি?

- ক) 21 - 30 খ) 31 - 40
গ) 41 - 50 ঘ) 51 - 60

২৪। প্রদত্ত উপাত্তের মধ্যক কোনটি?

- ক) 36.91 খ) 37.50
গ) 39.90 ঘ) 46.91

২৫। সমবৃত্তভূমিক বেগনের ভূমির ব্যাসার্ধ 3 সে.মি. এবং উচ্চতা 5 ভূমির ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?

- ক) 9π খ) 15π গ) 30π ঘ) 48π

২৬। একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল 16 বর্গ সে.মি. হলে এর কর্ণের দৈর্ঘ্য কত সে.মি.?

- ক) $4\sqrt{2}$ খ) $4\sqrt{3}$ গ) 4 ঘ) 6

২৭। সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য 6 সে.মি. হলে, এর ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?

- ক) $\sqrt{3}$ খ) $9\sqrt{3}$ গ) $3\sqrt{3}$ ঘ) $36\sqrt{3}$

২৮। $\tan\theta - \cot\theta = 0$ হলে, $\tan\theta =$ কত?

- ক) -2 খ) 0 গ) 1 ঘ) 2

২৯। $\tan(\theta - 45^\circ) = \sqrt{3}$ হলে, θ এর মান কত?

- ক) 15° খ) 60° গ) 75° ঘ) 105°

৩০। $\sin 3A = \cos 3A$ হলে $\tan 4A =$ কত?

- ক) $\sqrt{3}$ খ) 1 গ) $\frac{\sqrt{3}}{2}$ ঘ) $\frac{1}{\sqrt{3}}$

গণিত (সংক্ষিপ্ত ও সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

সংক্ষিপ্ত প্রশ্ন : (প্রতিটি প্রশ্নের মান-২)

যেকোনো ১০টি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

- ১। $2\sqrt{2x^3} + 125$ কে উৎপাদকে বিশ্লেষণ করো।
- ২। কোনো বৃত্তের পরিধি ও ব্যাসের পার্থক্য 36 সে.মি. হলে, ব্যাসার্ধ নির্ণয় করো।
- ৩। $\sec(90^\circ - \theta) = \frac{5}{3}$ হলে $\tan\theta + \sin\theta$ এর মান নির্ণয় করো।
- ৪। $M = \{x : x \in \mathbb{N} \text{ এবং } x^2 + 5x - 6 = 0\}$ সেটটি তালিকা পদ্ধতিতে প্রকাশ করো।
- ৫। পেনসিল কম্পাসের সাহায্যে একটি 105° কোণ অঙ্কন করো।
- ৬। 3, 8 4, 7, 5, x, 6, 2 সংখ্যাগুলোর গড় 6 হলে x এর মান নির্ণয় করো।
- ৭। দেখাও যে, $\operatorname{cosec}\theta \sqrt{\sec^2\theta - 1} = \sec\theta$
- ৮। $\cot(A - 25^\circ) = 1$ হলে A এর মান নির্ণয় করো।
- ৯। যদি $p - q = 7$ এবং $pq = 12$ হয় তবে $p + q$ এর মান নির্ণয় করো।
- ১০। $x^2 = 17 + 12\sqrt{2}$, $x > 0$ হলে, $x + \frac{1}{x}$ এর মান নির্ণয় করো।
- ১১। $PQ = 7$ সে.মি. $QR = 8$ সে.মি. এবং $\angle PQR = 60^\circ$ হলে ΔPQR এর ক্ষেত্রফল নির্ণয় করো।
- ১২। বৃত্তটির ব্যাস 10 সে.মি. হলে, বৃত্তটির ক্ষেত্রফল নির্ণয় করো।
- ১৩। x, y, z ক্রমিক সমানুপাতী হলে দেখাও যে, $\frac{x^3 + y^3}{x - y + z} = x(x + y)$
- ১৪। একটি চাকা 200π সে.মি. পথ যেতে 10 বার ঘুরলে চাকাটির ব্যাসার্ধ নির্ণয় করো।
- ১৫। $2x^{-1} = a^{-1} + b^{-1}$ হলে x এর মান নির্ণয় করো।

সৃজনশীল প্রশ্ন : (প্রতিটি প্রশ্নের মান-১০)

[প্রত্যেক বিভাগ থেকে ন্যূনতম ১টি করে মোট ৫টি প্রশ্নের উত্তর দাও।


 $10 \times 5 = 50$

ক-বিভাগ : বীজগণিত

- ১। (i) $2a - 2\sqrt{3} = \sqrt{8}$
- (ii) $2x - \sqrt{8} = \frac{2}{x}$
- (ক) উৎপাদকে বিশ্লেষণ করো : $y^2 - x^2 + 1 - 2y$
- (খ) (i) নং হতে $a^4 + \frac{1}{a^4}$ এর মান নির্ণয় করো।
- (গ) (ii) নং হতে প্রমাণ করো, $x^6 - \frac{1}{x^6} = 30\sqrt{3}$
- ২। $U = \{2, 3, 4, 5, 6, 7\}$
 $A = \{x \in \mathbb{N} : x \text{ মৌলিক সংখ্যা হবে } x < 7\}$
 $B = \{x \in \mathbb{N} : x^2 > 16 \text{ এবং } x^3 \leq 343\}$
 $C = (A - B)'$ এবং $f(x) = \frac{3x + 2}{3x - 2}$
- (ক) $f(-1)$ এর মান নির্ণয় করো।
- (খ) উদ্দীপক হতে $P(C)$ নির্ণয় করো।
- (গ) $\frac{f(x^{-1}) + 1}{f(x^{-1}) - 1} = \frac{3}{2}$ হলে দেখাও যে, $x = 1$

খ-বিভাগ : জ্যামিতি

- ৩। একটি ত্রিভুজের ভূমি $a = 5$ সে.মি., ভূমি সংলগ্ন $\angle B = 45^\circ$ এবং অপর দুই বাহুর সমষ্টি $S = 8$ সে.মি.।
 (ক) একটি বৃত্তের ক্ষেত্রফল 310.5 বর্গ সে.মি. হলে এর ব্যাস নির্ণয় করো।
- (খ) ত্রিভুজটি অঙ্কন করো। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক]
- (গ) বিবরণসহ $\frac{a}{2}$ ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তে এমন দুটি স্পর্শক অঙ্কন করো যেন তাদের অন্তর্ভুক্ত কোণ 60° হয়।



চিত্রে O বৃত্তের কেন্দ্র।

- (ক) প্রমাণ করো যে, অর্ধবৃত্তস্থ কোণ এক সমকোণ।
- (খ) $AB = CD$ হলে, প্রমাণ করো যে, $AP = DP$ এবং $BP = CP$
- (গ) $AB > CD$ হলে, দেখাও যে, $OM < ON$

গ-বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি

- ৫। $f(m) = \sin m$
 (ক) $\cos A = \sqrt{2}^{-1}$ হলে $\cot A$ এর মান নির্ণয় করো।
- (খ) $f(90^\circ - x) = \sqrt{\frac{2p}{p+1}}$ হলে দেখাও যে,
 $\tan x = \frac{\sqrt{2p-2p^2}}{2p}$
- (গ) $\sqrt{3}f(90^\circ - \theta) + f(\theta) = 2$ এবং θ সূক্ষ্মকোণ হলে $\operatorname{cosec}\theta$ এর মান নির্ণয় করো।
- ৬। একটি রম্বসের ক্ষেত্রফল 120 বর্গ সে.মি. এবং সমবৃত্ত ভূমিক সিলিন্ডারের ক্ষেত্রফল 4400 বর্গ সে.মি.।
 (ক) একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য 7 সে.মি., 8 সে.মি., ও 9 সে.মি. হলে এর ক্ষেত্রফল কত?
- (খ) রম্বসের বৃহত্তম কর্ণ 24 সে.মি. হলে এর পরিসীমা নির্ণয় করো।
- (গ) সিলিন্ডারের উচ্চতা 30 সে.মি. হলে এর সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় করো।

ঘ-বিভাগ : পরিসংখ্যান

- ৭। কোনো শ্রেণির 50 জন শিক্ষার্থীর ইংরেজি বিষয়ে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো :

শ্রেণিব্যাপ্তি	21-30	31-40	41-50	51-60	61-70	71-80
গণসংখ্যা	5	9	16	10	6	4

- (ক) $f_1 + f_2$ এর মান নির্ণয় করো।
- (খ) প্রদত্ত সারণি হতে মধ্যক নির্ণয় করো।
- (গ) প্রদত্ত উপাত্ত সমূহের বর্ণনাসমূহ থেকে গণসংখ্যা বহুভুজ অঙ্কন করো।
- ৮। নিচের একটি গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া আছে :

সময় (সেকেন্ড)	30-35	36-41	42-47	48-53	54-59	60-65
গণসংখ্যা	3	10	18	25	8	6

- (ক) কোনো শ্রেণির মধ্যবিন্দু 62.5 এর উচ্চসীমা 65 হলে নিম্নসীমা নির্ণয় করো।
- (খ) সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় করো।
- (গ) প্রদত্ত উপাত্তের অজিভরেখা আঁক।



রাজশাহী কলেজিয়েট স্কুল, রাজশাহী
নির্বাচনি পরীক্ষা-২০২৫; গণিত (বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট

পূর্ণমান : ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ত্রুটিক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক /সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১।]

১। $A = \{2, 3\}$, $B = \{4, 5\}$ হলে $P(A \cap B)$ = কত?

- ক ϕ
খ $\{ \phi \}$
গ $\{2, 3, 4, 5\}$
ঘ $\{(2, 4), (2, 5), (3, 4), (3, 5)\}$

২। $\{x \in \mathbb{N} : x^2 \geq 4 \text{ এবং } x^3 < 100\}$ সেটটি তালিকা পদ্ধতিতে কোনটি?

- ক $\{2, 3, 4\}$ খ $\{2, 3, 5\}$
গ $\{3, 4, 5\}$ ঘ $\{1, 2, 3\}$

৩। $A = \{x, y, z\}$, $B = \{a, b\}$ হলে $A - B$ এর প্রকৃত উপসেট কয়টি?

- ক ৭ খ ৮ গ ৯ ঘ ২

৪। $(x+5, -5) = (5, q-5)$ হলে $(x, q) =$ কত?

- ক $(10, -10)$ খ $(1, 1)$
গ $(0, 0)$ ঘ $(-10, 10)$

৫। $f(x) = x^4 + 5x^3 - 3$ হলে $f(-1) =$ কত?

- ক -7 খ -3 গ 1 ঘ 3

৬। $x^2 + y^3 = 9$ ও $xy = 3$ হলে $(x+y)^2 =$ কত?

- ক 3 খ 6 গ 9 ঘ 15

৭। $x + \frac{1}{x} = 3$ হলে $x^2 + \frac{1}{x^2} =$ কত?

- ক 4 খ 7 গ 8 ঘ 11

৮। $\frac{1}{x} = \sqrt{2} + \sqrt{3}$ হলে $x =$ কত?

- ক $\sqrt{2} - \sqrt{3}$ খ $\sqrt{3} - \sqrt{2}$
গ $\frac{1}{\sqrt{2} - \sqrt{3}}$ ঘ $\frac{1}{\sqrt{3} - \sqrt{2}}$

৯। a, b, c, d ত্রুটিক্রমিক সমানুপাতী হলে—

- i. $\frac{b}{a} = \frac{c}{b}$
ii. $\frac{c}{b} = \frac{d}{c}$
iii. $\frac{a}{b} = \frac{b}{c} = \frac{c}{d}$

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১০। অনুপাতে শর্ত—

- i. $\frac{x}{y} = \frac{y}{x}$ হলে $x = y$
ii. $\frac{x}{y} = \frac{m}{n}$ হলে $\frac{x+y}{y} = \frac{m+n}{n}$
iii. $x : y = z : p$ হলে $yz = xp$

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১১। $a : b = 3 : 4$ হলে $4b : 2a =$ কত?

- ক 3 : 8 খ 8 : 6
গ 8 : 3 ঘ 16 : 12

১২। $\frac{a}{b} = \frac{b}{c} = \frac{2}{3}$ হলে, $a : c =$ কত?

- ক 2 : 3 খ 3 : 4 গ 4 : 9 ঘ 9 : 4

১৩। নিচের কোন বাহুগুলো দ্বারা ত্রিভুজ গঠন করা সম্ভব?

- ক 2 cm, 3 cm, 6 cm
খ 20 cm, 25 cm, 50 cm
গ 22 cm, 21 cm, 40 cm
ঘ 7 cm, 15 cm, 25 cm

১৪। দুইটি কর্ণ দেওয়া থাকলে আঁকা যায়—

- i. আয়ত
ii. রম্বস
iii. বর্গ

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৫। উপচাপের অন্তর্লিখিত কোণ—

- ক সমকোণ খ স্থলকোণ
গ সূক্ষ্মকোণ ঘ প্রবৃদ্ধি কোণ


১৬। 3 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের কেন্দ্র থেকে 2 সে.মি. দূরবর্তী জ্যা-এর দৈর্ঘ্য কত সে.মি.?

- ক 5 খ 10 গ $2\sqrt{5}$ ঘ $\sqrt{5}$

১৭। কোনো বৃত্তের অধিচাপের উপর দণ্ডায়মান কোণ—

- ক সূক্ষ্মকোণ খ স্থলকোণ
গ সমকোণ ঘ পূরককোণ

■ নিচের চিত্রের আলোকে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :



১৮। x এর মান কত?

- ক 60° খ 72° গ 30° ঘ 36°

১৯। উদ্দীপক হতে পাই—

- i. $\angle B$ এর সম্পূরক $\angle D$
ii. $\angle C$ এর সম্পূরক কোণ $\angle A$
iii. $\angle C = 120^\circ$

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

২০। বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত—

- ক $\pi : 1$ খ $\pi : 2$ গ $2 : \pi$ ঘ $1 : \pi$

২১। একটি বৃত্তের ব্যাস 4cm এবং একটি জ্যা 2cm হলে এর—

- i. ক্ষেত্রফল $16\pi \text{ cm}^2$
ii. পরিধি $4\pi \text{ cm}$
iii. কেন্দ্র থেকে জ্যা-এর উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য $\sqrt{3}$ সে.মি.

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii


২২। বৃত্তের অন্তর্ভুক্তের ব্যাস 6.4 সে.মি. হলে বর্গের পরিসীমা কত সে.মি.?

- ক 6.4 খ 25.6 গ 12.8 ঘ 19.2

২৩। বৃত্তের ব্যাস 10 সে.মি. এবং কেন্দ্রে উৎপন্ন কোণ 45° হলে বৃত্তকলার ক্ষেত্রফল কত?

- ক 3.93 বর্গ সে.মি. খ 78.5 বর্গ সে.মি.
গ 9.81 বর্গ সে.মি. ঘ 1.96 বর্গ সে.মি.

■ নিচের উদ্দীপকের আলোকে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :



২৪। $\operatorname{cosec}\theta =$ কত?

- ক 1 খ 2 গ $\frac{1}{2}$ ঘ $\sqrt{2}$

২৫। $\sec A =$ কত?

- ক 2 খ $\sqrt{2}$ গ 1 ঘ $\frac{1}{\sqrt{2}}$

২৬। $\cos\theta = \frac{1}{2}$ হলে $\sin^2\theta =$ কত?

- ক $\frac{1}{2}$ খ $\frac{\sqrt{3}}{2}$ গ $\frac{3}{4}$ ঘ $\frac{\sqrt{3}}{4}$

২৭। $1 + \tan^2\theta = 4$ হলে $\cos\theta =$ কত?

- ক $\frac{\sqrt{3}}{2}$ খ $\frac{1}{2}$ গ 2 ঘ $\frac{1}{4}$

২৮। নিচের কোনটি সঠিক?

- ক প্রচুরক $= L + \frac{f_1 + f_2}{f_1} \times h$
খ প্রচুরক $= L - \frac{f_1}{f_1 + f_2} \times h$
গ প্রচুরক $= L + \frac{f_1}{f_1 + f_2} \times h$
ঘ প্রচুরক $= L + \frac{n}{f_m} - F_c \times h$

২৯। 2, 7, 3, 8, 5, 13 সংখ্যাগুলোর মধ্যক কত?

- ক 5 খ 6 গ 12 ঘ 8

৩০। অনুমিত গড় 16, বিচ্যুতির গড় 1 এবং শ্রেণি ব্যবধান 4 হলে গাণিতিক গড় কত?

- ক 20 খ 24 গ 12 ঘ 16

গণিত (সৃজনশীল ও সংক্ষিপ্ত)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ৭০

[প্রত্যেক বিভাগ থেকে ন্যূনতম ১টি করে মোট ৫টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ২+৪+৪=১০]

সৃজনশীল-৫০

ক-বিভাগ : বীজগণিত

- ১। সার্বিক সেট $U = x \in N : x$ বিজোড় সংখ্যা এবং $3 < x \leq 14$ ।
 $A = \{x \in N : 7 < x < 15\}$
 $B = \{x \in N : 4 \leq x \leq 14 \text{ ও } x \text{ মৌলিক সংখ্যা}\}$
 $C = \{x \in N : x, 3 \text{ এর গুণিতক } 3x < 15\}$
- (ক) B কে তালিকা পদ্ধতিতে প্রকাশ করো। ২
(খ) $A \cup (B - C)$ নির্ণয় করো। ৪
(গ) P(A) ও P(C) নির্ণয় করে দেখাও যে, কোনো সেটের উপাদান সংখ্যা n হলে তার শক্তি সেটের উপাদান সংখ্যা 2^n । ৪
- ২। $x^2 = 11 + 2\sqrt{30}$ এবং $y^2 + \frac{1}{y^2} = 38, y > 0$
- (ক) $4a^2 - 1 + 2b - b^2$ কে উৎপাদকে বিশ্লেষণ করো। ২
(খ) দেখাও যে, $x^3 + \frac{1}{x^3} = 42\sqrt{6}$ ৪
(গ) $y^5 - \frac{1}{y^5}$ এর মান নির্ণয় করো। ৪

খ-বিভাগ : জ্যামিতি

- ৩। $a = 5$ সে.মি., $b = 7$ সে.মি. এবং $\angle x = 45^\circ$
- (ক) ৯ সে.মি. পরিসীমাবিশিষ্ট বর্গ অঙ্কন করো। ২
(খ) সামান্তরিকের দুইটি কর্ণ a ও b এবং এদের অন্তর্ভুক্ত কোণ $\angle x$ হলে সামান্তরিকটি অঙ্কন করো। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক।] ৪
(গ) a + b এর সমান পরিসীমা বিশিষ্ট একটি ত্রিভুজ অঙ্কন করো যার ভূমিসংলগ্ন কোণদ্বয় 50° ও 60° [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক।] ৪
- ৪। ABCD চতুর্ভুজটি O কেন্দ্রবিশিষ্ট বৃত্তের অন্তর্লিখিত।
- (ক) বৃত্তটির বহিঃস্থ কোনো বিন্দু থেকে দুইটি স্পর্শক অঙ্কন করো। ২
(খ) প্রমাণ করো যে, $\angle ABC + \angle ADC = 180^\circ$ ৪
(গ) AC ও BD কর্ণদ্বয় পরস্পরকে E বিন্দুতে ছেদ করলে দেখাও যে, $\angle AOB + \angle COD = 2\angle AEB$ ৪

গ-বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি

- ৫। (i) $\cos\theta + \cot\theta = m$
(ii) $\cot\theta - \cos\theta = n$
(iii) $2\sin^2\theta + 3\cos\theta = 3, \theta$ সূক্ষ্মকোণ।
- (ক) জ্যামিতিক পদ্ধতিতে দেখাও যে, $\sin^2\theta + \cos^2\theta = 1$ ২
(খ) প্রমাণ করো যে, $m^2 - n^2 = 4\sqrt{mn}$ ৪
(গ) (iii) নং ব্যবহার করে θ এর মান নির্ণয় করো। ৪

- ৬। একটি বৃত্তের অন্তর্লিখিত আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 16 মিটার ও প্রস্থ 12 মিটার।
- (ক) আয়তটির পরিসীমার সমান পরিসীমাবিশিষ্ট বর্গের কর্ণের দৈর্ঘ্য নির্ণয় করো। ২
(খ) বৃত্তটির ক্ষেত্রফল নির্ণয় করো। ৪
(গ) আয়তটিকে এর বৃহত্তর বাহুর চতুর্দিকে ঘোরালে যে ঘনবস্ত্র উৎপন্ন হয় তার বক্রতলের ক্ষেত্রফল ও আয়তন নির্ণয় করো। ৪

ঘ-বিভাগ : পরিসংখ্যান

- ৭। কোনো শ্রেণির 60 জন শিক্ষার্থীর ওজনের (কেজি) গণসংখ্যা নিবেশন সারণি নিম্নরূপ :

ওজন	40-44	45-49	50-54	55-59	60-64	65-69
গণসংখ্যা	6	12	14	16	8	4

- (ক) 10, 16, 14, 18, 26, 16, 30, 14 সংখ্যাগুলোর প্রচুরক নির্ণয় করো। ২
(খ) উদ্দীপকের উপাত্তের মধ্যক নির্ণয় করো। ৪
(গ) বর্ণনাসহ প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ অঙ্কন করো। ৪

৮।

শ্রেণি	41-50	51-60	61-70	71-80	81-90	91-100
গণসংখ্যা	4	9	15	11	7	4

- (ক) 4, 10, 9, 6, 11, 8, 6, 4 সংখ্যাগুলোর মধ্যক নির্ণয় করো। ২
(খ) উদ্দীপক ব্যবহার করে প্রচুরক নির্ণয় করো। ৪
(গ) উদ্দীপকের উপাত্তের আয়তলেখ অঙ্কন করো। ৪

সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন-২০

যেকোনো দশটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান-দুই

- (i) $A = (2, 3), B = (0, 5)$ হলে $A \times B =$ কত?
(ii) $S = \{(-3, 8), (-2, 3), (-1, 0), (0, 0), (1, 3)\}$ হলে ডোমেন S ও রেঞ্জ S কত?
(iii) $a + b = \sqrt{7}$ ও $a - b = \sqrt{5}$ হলে $8ab(a^2 + b^2) =$ কত?
(iv) 6% চক্রবৃদ্ধি মুনাফায় 15000 টাকার 3 বছরের মুনাফা কত?
(v) 10 সে.মি. পরিসীমাবিশিষ্ট সমবাহু ত্রিভুজ অঙ্কন করো।
(vi) যেকোনো বৃত্তাংশের কেন্দ্র নির্ণয় করো।
(vii) $\sec\theta + \tan\theta = \frac{5}{2}$ হলে $\sec\theta - \tan\theta =$ কত?
(viii) $\cos 60^\circ \sin 30^\circ + \sin 60^\circ \cos 30^\circ$ এর মান কত?
(ix) $\frac{a}{b} = \frac{b}{c}$ হলে দেখাও যে, $\frac{a^2 + b^2}{b^2 + c^2} = \frac{a}{c}$
(x) দুইটি সংখ্যার অনুপাত 3 : 4 এবং ল.স.ও. 180 হলে সংখ্যা দুইটি নির্ণয় করো।
(xi) বৃত্তের ব্যাসার্ধ 14 সে.মি. ও বৃত্তচাপ কেন্দ্রে 75° কোণ উৎপন্ন করলে বৃত্তাংশের ক্ষেত্রফল নির্ণয় করো।
(xii) ঘনকের পৃষ্ঠতলের কর্ণ $8\sqrt{2}$ সে.মি. হলে ঘনকের আয়তন কত?
(xiii) কেন্দ্রীয় প্রবণতা বলতে কী বোঝ?
(xiv) 15 সে.মি. পরিসীমাবিশিষ্ট সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয় করো।
(xv) দেখাও যে, $\tan\theta \sqrt{1 - \sin^2\theta} = \sin\theta$



বগুড়া জিলা স্কুল, বগুড়া
নির্বাচনি পরীক্ষা-২০২৫; গণিত (বহুনির্বাচনি)

সময় : ৩০ মিনিট

পূর্ণমান : ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অধীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক /সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

(প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না)

১। $A = \{a, b, c, d, e\}$ এর প্রকৃত উপসেট সংখ্যা কত?

- ক) 32 খ) 30 গ) 2^{n-1} ঘ) $2^n - 1$

২। $f(x) = \left(\frac{8}{x} - 2\right)$ হলে, $f\left(\frac{1}{x}\right) =$ কত?

- ক) $4x - 1$ খ) $8x - 2$

- গ) $\frac{x-16}{8}$ ঘ) $\frac{8-2x}{x}$

৩। $(2x + y, 5) = (8, 3x - 2y)$ হলে, $(x, y) =$ কত?

- ক) (4, 0) খ) (1, 6)

- গ) (3, 2) ঘ) (1, -2)

৪। $a^2 + \frac{1}{a^2} = 5$ হলে,

i. $a - \frac{1}{a} = \sqrt{3}$

ii. $a^3 + \frac{1}{a^3} = 4\sqrt{7}$

iii. $a^4 - \frac{1}{a^4} = \sqrt{21}$

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii

- গ) ii ও iii ঘ) i, ii ও iii

৫। $x + \frac{1}{x} = 7$ হলে, $\frac{x}{x^2 - 5x + 1}$ এর মান কত?

- ক) 2 খ) $\frac{1}{2}$ গ) $\frac{x}{2}$ ঘ) 2x

৬। $x + \frac{1}{x} = 3$ হলে, $x^5 - \frac{1}{x^5} =$ কত?

- ক) $8\sqrt{5}$ খ) $56\sqrt{5}$

- গ) $55\sqrt{5}$ ঘ) $57\sqrt{5}$

৭। $a^3 + 6a^2b + 11ab^2 + 6b^3$ এর একটি উৎপাদক?

- ক) $(x + 3y)$ খ) $(x + 4y)$

- গ) $x - y$ ঘ) $x + 2$

৮। $ax^2 - 30x + 25$ রাশিটি পূর্ণবর্গ হলে a এর মান কত?

- ক) 3 খ) 4 গ) 1 ঘ) 9

৯। $x + \frac{1}{x} = 2\sqrt{5}$ হলে x = কত?

- ক) $2 - \sqrt{5}$ খ) $2 + \sqrt{5}$

- গ) $5\sqrt{2}$ ঘ) $2\sqrt{5} - 2$

১০। শতকরা বার্ষিক 7 টাকা সরল মুনাফায় 2 বছরে স্ববৃদ্ধিমূল 912 টাকা হলে আসল কত?

- ক) 894.11 টাকা খ) 852.33 টাকা

- গ) 796.57 টাকা ঘ) 800.00 টাকা

১১। $\sec^2\theta + \tan^2\theta = 3$ হলে $\cos\theta$ এর মান কত?

- ক) $\sqrt{3}$ খ) 1 গ) $\frac{1}{\sqrt{2}}$ ঘ) $\sqrt{2}$

১২। ত্রিকোণমিতিক সম্পর্কের ক্ষেত্রে—

i. $\theta = 0^\circ$ হলে প্রান্তীয় বাহু ও আদি বাহু একই রশ্মি।


ii. $\cos(90^\circ - \theta) \sec\theta$

iii. $\theta = 90^\circ$ হলে $\tan\theta$ ও $\cot\theta$ অসংজ্ঞায়িত

নিচের কোনটি সঠিক?

- ক) i খ) ii গ) iii ঘ) i ও iii

■ নিচের তথ্যের আলোকে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও :



১৩। $\angle PQM =$ কত?

- ক) 15° খ) 30° গ) 45° ঘ) 60°

১৪। চিত্র হতে—

i. $QM = \sqrt{6}$

ii. $\cos R = \frac{\sqrt{3}}{2}$

iii. ΔPQR এর পরিসীমা $2\sqrt{2}(2 + \sqrt{3})$ একক

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii

- গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৫। একটি দ্রব্য $\frac{25}{2}\%$ ক্ষতিতে বিক্রয় করলে ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত কত?

- ক) 7 : 8 খ) 8 : 7 গ) 8 : 9 ঘ) 9 : 8

১৬। দুটি সংখ্যার অনুপাত 4 : 5 এবং লসাত্ত 140 হলে গসাত্ত কত?

- ক) 7 খ) 20 গ) 28 ঘ) 35

১৭। $\sqrt{2x - 7} + 5 = 4$ সমীকরণের সমাধান সেট কোনটি?

- ক) {4} খ) {-1} গ) {} ঘ) {∅}

১৮। $x\%$ এর 10% যদি এর 20% এর সমান হয় তবে $x : y =$ কত?

- ক) 2 : 1 খ) 1 : 2 গ) 10 : 1 ঘ) 5 : 1

১৯। গণসংখ্যা বহুভুজ অঙ্কনে x অক্ষ বরাবর কোনটিকে ধরা হয়?

ক) অবিচ্ছিন্ন শ্রেণি খ) শ্রেণিব্যাপ্তি

গ) গণসংখ্যা ঘ) শ্রেণি মধ্যমান

২০। কোনো শ্রেণির নিম্নসীমা 66 এবং শ্রেণি মধ্যমান 72 হলে উচ্চসীমা কত?

- ক) 69 খ) 70.5 গ) 78 ঘ) 144

২১। ধাপ বিচ্যুতি $U_i =$ কোনটি?

- ক) $\frac{a - x_i}{h}$ খ) $\frac{a + x_i}{h}$

- গ) $\frac{x_i - a}{h}$ ঘ) $\frac{x_i}{h} + a$

■ নিচের তথ্যের আলোকে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও :

শ্রেণিব্যাপ্তি	11-20	21-30	31-40	41-50	51-60
গণসংখ্যা	4	15	20	10	7

২২। প্রদত্ত উপান্তের প্রচুরক কত?

- ক) 3.33 খ) 34.33 গ) 28.33 ঘ) 30.33

২৩। মধ্যক নির্ণয়ের ক্ষেত্রে $\left(\frac{n}{2} - F_c\right) =$ কত?

- ক) 19 খ) 56 গ) 10 ঘ) 9

২৪। 9, 17, 11, 20, 19, 10, 15, 12, 13 উপান্তের—

i. গাণিতিক গড় = 14

ii. মধ্যক = 13

iii. প্রচুরক = 0

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii

- গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫। একটি বৃত্তের ব্যাস 10 সেমি এবং ব্যাস ভিন্ন জ্যা এর দৈর্ঘ্য 6 সেমি হলে, এর

i. ক্ষেত্রফল = 25π বর্গ একক

ii. পরিধি = 6π একক

iii. কেন্দ্র হতে ব্যাস ভিন্ন জ্যা এর উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য = 4 একক

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii

- গ) i ও iii ঘ) i, ii ও iii

২৬। বৃত্তে অন্তর্লিখিত সামান্তরিক একটি—

- ক) রম্বস খ) ট্র্যাপিজিয়াম

- গ) চতুর্ভুজ ঘ) আয়ত

২৭। 2টি বৃত্ত বহিঃস্থভাবে স্পর্শ করলে বৃত্তদ্বয়ের কতটি সাধারণ স্পর্শক থাকবে?


- ক) 2 খ) 3 গ) 4 ঘ) 5

২৮। দুইটি বৃত্তের ব্যাসার্ধ 6 সেমি ও 8 সেমি। বৃত্তদ্বয় অন্তঃস্পর্শ করলে কেন্দ্রদ্বয়ের দূরত্ব হবে?

- ক) 2 সেমি খ) 7 সেমি

- গ) 14 সেমি ঘ) 1 সেমি

২৯।



$\angle BAD =$ কত?

- ক) 105° খ) 90° গ) 85° ঘ) 120°

৩০। দুইটি বাহুর দৈর্ঘ্য দেওয়া থাকলে কোনটি আঁকা সম্ভব?

- ক) রম্বস খ) সামান্তরিক

- গ) বর্গ ঘ) আয়ত

গণিত (সৃজনশীল ও সংক্ষিপ্ত)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ৯০

[বিশেষ দ্রষ্টব্য : প্রত্যেক বিভাগ থেকে ন্যূনতম ১টি করে মোট ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

সৃজনশীল প্রশ্ন

ক-বিভাগ : বীজগণিত

- ১। $P = x^2 - 2\sqrt{15} - 8$ এবং $Q = a^3 + \frac{1}{a^3}$; যেখানে, $x > 0, a > 0$ ।
- (ক) $p - q = r$ হলে, দেখাও যে, $p^3 - q^3 - r^3 = 3pqr$ । ২
- (খ) $p = 0$ হলে, $x^3 + \frac{8}{x^3}$ এর মান নির্ণয় করো। ৪
- (গ) $Q = 18$ হলে, প্রমাণ করো যে, $a + \frac{1}{a} = 3$ । ৪
- ২। $P(x) = \frac{x^3 - 3x^2 + 1}{x(1-x)}$ এবং $y = \frac{80mn}{m+n}$ ।
- (ক) $\{\pm 4, \pm 5, \pm 6\}$ সেটটিকে সেট গঠন পদ্ধতিতে প্রকাশ করো। ২
- (খ) প্রমাণ করো যে, $P(x^{-1}) = P(1-x)$ । ৪
- (গ) প্রমাণ করো যে, $\frac{y+40m}{y-40m} + \frac{y+40n}{y-40n} = 2, m \neq n$ । ৪

খ-বিভাগ : জ্যামিতি

- ৩। একটি ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য $a = 6.5$ সেমি, $b = 3.5$ সেমি এবং বাহুসংলগ্ন দুইটি কোণ $\angle x = 75^\circ, \angle y = 60^\circ$
- (ক) একটি সমবাহু ত্রিভুজের পরিসীমা 10 সেমি। ত্রিভুজটি অঙ্কন করো। ২
- (খ) ট্রাপিজিয়ামটি অঙ্কন করো। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক।] ৪
- (গ) এমন একটি সমকোণী ত্রিভুজ অঙ্কন করো যার সমকোণ সংলগ্ন একটি বাহু $(b+1)$ সেমি এবং অতিভুজ ও অপর বাহুর অন্তর $(b-1)$ সেমি। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক।] ৪
- ৪। O কেন্দ্রবিশিষ্ট কোনো বৃত্তে PQRS একটি অন্তর্লিখিত চতুর্ভুজ।
- (ক) বৃত্তের ছেদক বলতে কী বোঝ? ২
- (খ) প্রমাণ করো যে, $\angle QPS + \angle QRS = 180^\circ$ । ৪
- (গ) চতুর্ভুজটির PR ও QS কর্ণদ্বয় E বিন্দুতে ছেদ করলে, প্রমাণ করো যে $\angle POQ + \angle ROS = 2\angle PEQ$ । ৪

গ-বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি

- ৫। $P = \sin\theta, Q = \cos\theta$ এবং $R = \cot\theta$; যেখানে θ সূক্ষ্মকোণ।
- (ক) প্রমাণ করো যে, $R\sqrt{1-Q^2} = Q$ । ২
- (খ) $R + Q = M$ এবং $R - Q = N$ হলে, প্রমাণ করো যে, $(M^2 - N^2)^2 = 16MN$ । ৪
- (গ) $Q^2 - P^2 = 2 - 5Q$ হলে, θ এর মান নির্ণয় করো। ৪
- ৬। একটি সামান্তরিকের বাহুর দৈর্ঘ্য $a = 32$ ও $b = 20$ সেমি এবং এর একটি কর্ণের দৈর্ঘ্য 28 সেমি। আবার একটি লোহার পাইপের ভিতরের ও বাইরের ব্যাস যথাক্রমে $\frac{b+8}{2}$ সেমি ও $\frac{a}{2}$ সেমি এবং পাইপটির উচ্চতা 4.5 মিটার।
- (ক) একটি সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য 2 মিটার হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় করো। ২
- (খ) সামান্তরিকটির অপর কর্ণের দৈর্ঘ্য নির্ণয় করো। ৪
- (গ) 1 ঘন সে.মি. লোহার ওজন 7.2 গ্রাম হলে, পাইপের লোহার ওজন নির্ণয় করো। ৪

ঘ-বিভাগ : পরিসংখ্যান

- ৭। ১০ শ্রেণির 70 জন শিক্ষার্থীর গণিতে প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি নিম্নরূপ:

শ্রেণিব্যাপ্তি	26-35	36-45	46-55	56-65	66-75	76-85
গণসংখ্যা	6	11	17	21	9	6

- (ক) বিচ্ছিন্ন ও অবিচ্ছিন্ন চলক বলতে কী বুঝ? ২
- (খ) সারণি থেকে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় করো। ৪
- (গ) প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ অঙ্কন করো। ৪
- ৮। নিচে একটি গণসংখ্যা নিবেশন সারণি দেওয়া হলো:

প্রাপ্ত নম্বর	61-65	66-70	71-75	76-80	81-85	86-90	91-95
গণসংখ্যা	4	7	9	12	8	7	3

- (ক) প্রতীকের পরিচয়সহ প্রচুরক নির্ণয়ের সূত্রটি লেখ। ২
- (খ) সারণি থেকে মধ্যক নির্ণয় করো। ৪
- (গ) প্রদত্ত উপাত্তের অজিভরেখা অঙ্কন করো। ৪

সংক্ষিপ্ত প্রশ্ন (১০টি প্রশ্নের উত্তর দাও)

২×১০=২০

- ১। দেখাও যে, সুসম বহুভুজের কৌণিক বিন্দুতে উৎপন্ন কোণ = $\left(180^\circ - \frac{360^\circ}{n}\right)$ ।
- ২। 4% হার মুনাফায় কোনো টাকার 2 বছরের সরল মুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য 2 টাকা হলে আসল নির্ণয় করো।
- ৩। $\sin A = \frac{3}{5}$ হলে, $\tan A - \cot A$ এর মান কত?
- ৪। উৎপাদকে বিশ্লেষণ করো: $9a^2 + \frac{1}{9a^2} - 2 + 9a - \frac{1}{a}$ ।
- ৫। একটি বৃত্তাকার পার্কের ব্যাস 26 মিটার। পাকটিকে বেঁটন করে 2 মিটার চওড়া রাস্তা আছে। রাস্তার ক্ষেত্রফল নির্ণয় করো।
- ৬। সংজ্ঞা দাও : ফাংশন, ডোমেন।
- ৭। 1৮, ৪, ১২, ০, ১১, ২০, ৯, ১৬, ১২, ৬, ১৫, ৫, ২০, ৮ উপাত্তগুলোর মধ্যক নির্ণয় করো।
- ৮। 70 জন শিক্ষার্থীর গণিতে প্রাপ্ত নম্বর নিম্নরূপ:

প্রাপ্ত নম্বর	50-54	55-59	60-64	65-69	70-74
গণসংখ্যা	7	12	18	24	9

- সারণি হতে প্রচুরক নির্ণয় করো।
- ৯। একটি রম্বসের কর্ণের দৈর্ঘ্য 15 মিটার এবং ক্ষেত্রফল 270 বর্গমিটার হলে অপর কর্ণের দৈর্ঘ্য নির্ণয় করো।
- ১০। একটি সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য a হলে দেখাও ক্ষেত্রফল = $\frac{\sqrt{3}}{4} a^2$ বর্গএকক।
- ১১। যদি কোনো বর্গের প্রতিটি বাহুর দৈর্ঘ্য 10% বৃদ্ধি পায় তবে এর ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?
- ১২। $\frac{a^3 + b^3}{a - b + c} = a(a + b)$ হলে প্রমাণ করো যে, a, b, c ক্রমিক সমানুপাতী।
- ১৩। $\sin^4 A + \sin^2 A = 1$ হলে প্রমাণ করো যে, $\tan^4 A - \tan^2 A = 1$ ।
- ১৪। প্রমাণ করো যে, কোনো বৃত্তের উপচাপে অন্তর্লিখিত কোণ স্থূলকোণ।
- ১৫। $x = 2 + \sqrt{3}$ হলে $x^3 - \frac{1}{x^3}$ এর মান নির্ণয় করো।



পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজ, রংপুর
নির্বাচনী পরীক্ষা-২০২৫; গণিত (বহুনির্বাচনী)

সময় : ৩০ মিনিট

পূর্ণমান : ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বলপয়েন্ট কলম দ্বারা ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১।]

- ১। A সেটের উপাদান সংখ্যা পাঁচটি হলে, A সেটের প্রকৃত উপসেট কতটি?
ক) 31 খ) 32 গ) 16 ঘ) 8
- ২। $2x - \frac{1}{3x} = 2$ হলে, $3x - \frac{1}{2x}$ এর মান কত?
ক) $\frac{2}{3}$ খ) 1 গ) $\frac{3}{2}$ ঘ) 3
- ৩। $4a^2 + 25b^2$ এর সাথে কত যোগ করলে যোগফল পূর্ণবর্গ হয়?
ক) 200ab খ) 100ab
গ) 120ab ঘ) 20ab
- ৪। শতকরা বার্ষিক 3.50 টাকা হার মুনাফায় 350 টাকার 4 বছরের মুনাফা কত টাকা?
ক) 43 খ) 47 গ) 48 ঘ) 49
- ৫। বৃত্তের উপচাপের অনুবন্ধী চাপে অন্তর্লিখিত কোণ নিচের কোনটি?
ক) সূক্ষ্মকোণ খ) স্থূলকোণ
গ) সমকোণ ঘ) প্রবন্ধ কোণ
- ৬। বৃত্তস্থ সামান্তরিক একটি —।
ক) বর্গক্ষেত্র খ) রম্বস
গ) আয়তক্ষেত্র ঘ) ট্র্যাপিজিয়াম
- ৭। কোনো ত্রিভুজের কয়টি বহির্বৃত্ত আঁকা যায়?
ক) 1 খ) 2 গ) 3 ঘ) 4
- ৮। যদি $\frac{x}{y} = \frac{2}{3}$ হয়, তবে $\frac{6x+y}{3x+2y}$ এর মান কত?
ক) $\frac{4}{5}$ খ) $\frac{14}{15}$ গ) $\frac{5}{4}$ ঘ) $\frac{20}{13}$
- ৯। কোনো বর্গক্ষেত্রের ক্ষেত্রফল তার কর্ণের ওপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের কতগুণ?
ক) $\frac{1}{4}$ গুণ খ) $\frac{1}{2}$ গুণ গ) 2 গুণ ঘ) 4 গুণ
- ১০। একটি ঘনকের আয়তন $24\sqrt{3}$ ঘন সে.মি. হলে, এর কর্ণের দৈর্ঘ্য কত সে.মি.?
ক) 12 খ) 8 গ) 6 ঘ) 4
- ১১। i. বৃত্তচাপের দৈর্ঘ্য $S = \frac{\theta \times 2\pi r^2}{360^\circ}$
ii. বৃত্তের দৈর্ঘ্যকে পরিধি বলে
iii. বৃত্তকলার ক্ষেত্রফল $A = \frac{\theta \times \pi r^2}{360^\circ}$
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

- নিচের তথ্যের আলোকে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও :
- | শ্রেণিব্যাপ্তি | 56-60 | 61-65 | 66-70 | 71-75 |
|----------------|-------|-------|-------|-------|
| গণসংখ্যা | 7 | 12 | 15 | 6 |
- ১২। মধ্যক নির্ণয়ের ক্ষেত্রে F_c এর মান কত?
ক) 12 খ) 13.5 গ) 15 ঘ) 19
- ১৩। শ্রেণিব্যাপ্তিসমূহের প্রচুরক নিচের কোনটি?
ক) 262 খ) 73
গ) 67.25 ঘ) 65.5
- ১৪। $P = 9 + 4\sqrt{5}$ হলে, $\sqrt{P} = ?$
ক) $\sqrt{4} + \sqrt{6}$ খ) $\sqrt{5} + \sqrt{4}$
গ) $\sqrt{5} - \sqrt{4}$ ঘ) $\sqrt{3} + \sqrt{4}$
- ১৫। i. $a - 1$
ii. $(5a + 1)$
iii. $(9a^2 - 3a + 1)$
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii
- ১৬। $a^3 - b^3 = 513$ এবং $a - b = 3$ হলে, $\frac{a}{2} \cdot \frac{b}{2} =$ কত?
ক) 54 খ) 27 গ) $13\frac{1}{2}$ ঘ) $27\frac{1}{2}$
- ১৭। $\tan M = 1$ হলে, $\sec 2M$ এর মান কত?
ক) $\frac{2}{\sqrt{3}}$ খ) $\sqrt{2}$
গ) 2 ঘ) অসংজ্ঞায়িত
- ১৮। $\cos^2\theta + 1 = \sec^2\theta$ হলে $\frac{\cos^2\theta}{1 + \cos^2\theta}$ এর মান কত?
ক) $\sin^2\theta$ খ) $\tan^4\theta$
গ) $\operatorname{cosec}^2\theta$ ঘ) $\cos^4\theta$
- ১৯। $\triangle ABC$ এ, $\angle B = 1$ সমকোণ। যদি $AC = 2AB$ হয়, তবে $\tan C$ এর মান কত?
ক) $\sqrt{3}$ খ) $\frac{1}{\sqrt{3}}$
গ) 1 ঘ) অসংজ্ঞায়িত
- ২০। একটি বৃত্তের ব্যাসার্ধ 50% বৃদ্ধি করলে বৃত্তের ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?
ক) 100% খ) 125%
গ) 150% ঘ) 50%
- ২১। সমবাহু ত্রিভুজের উচ্চতা কত একক?
যখন একবাহু a।
ক) $\frac{\sqrt{3}}{4} a^2$ খ) $\frac{\sqrt{3}}{2} a$
গ) $\frac{\sqrt{3}}{4} a$ ঘ) $\frac{\sqrt{3}}{2} a^2$

- ২২। পরীক্ষায় প্রাপ্ত GPA কোন ধরনের চলক?
ক) বিচ্ছিন্ন খ) অবিচ্ছিন্ন
গ) বাস্তব ঘ) অবিন্যস্ত
- ২৩। $L = 61, f_1 = 4, f_2 = 3$ এবং $h = 10$ হলে, প্রচুরক নির্ণয় করো।
ক) 71.43 খ) 66.71
গ) 72.43 ঘ) 65.79
- ২৪। একটি সুস্থম দশভুজের একটি শীর্ষকোণের মান কত ডিগ্রি?
ক) 144° খ) 132°
গ) 135° ঘ) 108°
- ২৫। যদি $(x + y, -1) = (3, x - y)$ হয়, তবে (x, y) এর মান কত?
ক) (2, 1) খ) (1, 2)
গ) (-1, -2) ঘ) (-2, -1)
- ২৬। ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য দেওয়া আছে, কোন ক্ষেত্রে ত্রিভুজ আঁকা সম্ভব নয়?
ক) 3 cm, 4 cm, 5 cm
খ) 6 cm, 8 cm, 10 cm
গ) 5 cm, 7 cm, 9 cm
ঘ) 5 cm, 12 cm, 13 cm
- ২৭। গোলকের আয়তনের সূত্র কোনটি?
ক) $\frac{4}{3} \pi r^2$ ঘন একক খ) $\frac{4}{3} \pi r^3$ ঘন একক
গ) $4\pi r^2$ ঘন একক ঘ) $\frac{4}{3} r^2$ ঘন একক
- ২৮। অজিত রেখা অঙ্কনের ক্ষেত্রে y অক্ষ বরাবর নিচের কোনটি স্থাপন করা হয়?
ক) শ্রেণি মধ্যবিন্দু
খ) যোজিত ঘটন সংখ্যা
গ) শ্রেণি নিম্নসীমা
ঘ) শ্রেণি উচ্চসীমা
- ২৯। কোনো বৃত্তের একই চাপের ওপর বৃত্তস্থ কোণ ও কেন্দ্রস্থ কোণের মান যথাক্রমে $(2y + 10^\circ)$ এবং $(y + 110^\circ)$ হলে, y এর মান কত?
ক) 30° খ) 45° গ) 60° ঘ) 60°
- ৩০। ত্রিকোণমিতির ক্ষেত্রে—
i. $\cos^2\theta - \sin^2\theta = 1$
ii. $\cos(90^\circ - \theta) = \sin\theta$
iii. $\tan^2\theta = 1 - \sec^2\theta$
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

গণিত (সৃজনশীল ও সংক্ষিপ্ত)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ৭০

[প্রত্যেক বিভাগ থেকে কমপক্ষে ১টি করে মোট ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

সৃজনশীল প্রশ্ন


ক-বিভাগ : বীজগণিত

- ১। (i) $P(x) = \frac{1+x^3+x^6}{x^3}$ যেখানে $x > 0$
 (ক) যেসকল সংখ্যা দ্বারা 52 সংখ্যাটিকে ভাগ করলে 10 অবশিষ্ট থাকে তাদের সেট নির্ণয় করো। ২
 (খ) প্রমাণ করো $P(x^2) = P\left(\frac{1}{x^2}\right)$ ৪
 (গ) যদি $P(x^2) = 2703$ হয় তবে প্রমাণ করো যে, $x = 2 + \sqrt{3}$ ৪
- ২। (i) একটি আয়তাকার জমির ক্ষেত্রফল 588 বর্গমিটার। এর দৈর্ঘ্য ও প্রস্থের সাথে অপর একটি জমির দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত যথাক্রমে 2 : 3 এবং 3 : 4।
 (ii) $A = \sqrt{3+2x}$ এবং $B = \sqrt{3-2x}$
 (ক) এক মাঝি দাঁড় বেয়ে শ্রোতের অনুকূলে যতক্ষণে 5 কি.মি. যায় প্রতিকূলে ততক্ষণে 3 কি.মি. যায়। দাঁড়ের বেগ এবং শ্রোতের বেগের অনুপাত নির্ণয় করো। ২
 (খ) শর্ত (i) এ বর্ণিত অপর জমির ক্ষেত্রফল নির্ণয় করো। ৪
 (গ) শর্ত (ii) দ্বারা প্রমাণ করো $x = \frac{3m}{m^2+1}$ ৪

খ-বিভাগ : জ্যামিতি

- ৩। $\angle x = 60^\circ$, $\angle y = 45^\circ$, $a = 12$ সে.মি., $b = 6$ সে.মি.
 (ক) পেনসিল কম্পাসের সাহায্যে 75° কোণ আঁক। ২
 (খ) a কে পরিসীমা ও $\angle x$ ও $\angle y$ কে ভূমিসংলগ্ন 2টি কোণ ধরে একটি ত্রিভুজ আঁক। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪
 (গ) $\frac{a}{3}$ ও b কে ট্র্যাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয় এবং $\angle x$ ও $\angle y$ কে b বাহুসংলগ্ন দুটি কোণ বিবেচনা করে ট্র্যাপিজিয়ামটি আঁক। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

৪।



- O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে ABCD বৃত্তস্থ চতুর্ভুজ।
 (ক) প্রমাণ করো যে, অর্ধবৃত্তস্থ কোণ এক সমকোণ। ২
 (খ) উদ্দীপকের আলোকে প্রমাণ করো যে, বৃত্তস্থ কোণ $\angle BOD = \frac{1}{2} \angle BAD$ ৪
 (গ) বৃত্তস্থ চতুর্ভুজ ABCD এর AC ও BD কর্ণ বৃত্তের অভ্যন্তরে O বিন্দুতে মিলিত হলে দেখাও যে, $\angle ABD = \frac{1}{2} (\angle AOD + \angle BOC)$ ৪

গ-বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি

- ৫। $a = \sin\theta$ এবং $b = \cos\theta$ যেখানে θ সূক্ষ্মকোণ।
 (ক) প্রমাণ করো যে, $\cos 90^\circ - \theta = \sin\theta$ ২
 (খ) $a^2 + a^3 = 4$ হলে প্রমাণ করো যে, $\left(\frac{a}{b}\right)^2 + \left(\frac{a}{b}\right)^3 = 1$ ৪
 (গ) θ এর কোন মানের জন্য $a^2 - b^2 + 5b = 2$ হবে। ৪

- ৬। একটি সামান্তরিকের দুটি সন্নিহিত বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 12 মিটার ও 8 মিটার এবং ক্ষুদ্রতম বর্গটি 10 মিটার। সামান্তরিকের পরিসীমা একটি বর্গক্ষেত্রের পরিসীমার সমান।
 (ক) একটি সুস্থ চতুর্ভুজের প্রতি বাহুর দৈর্ঘ্য 4 সে.মি. হলে এর ক্ষেত্রফল নির্ণয় করো। ২
 (খ) সামান্তরিকটির অপর বর্গের দৈর্ঘ্য নির্ণয় করো। ৪
 (গ) বর্গক্ষেত্রটি 5 সে.মি. বর্গাকার পাথর দিয়ে বাঁধতে কতটি পাথর লাগবে? ৪

ঘ-বিভাগ : পরিসংখ্যান

- ৭। 25 জন শিক্ষার্থীর বার্ষিক পরীক্ষার প্রাপ্ত নম্বর দেওয়া হলো :
 61, 62, 64, 65, 72, 80, 81, 80, 75, 27, 80, 88, 79, 62, 65, 68, 81, 72, 77, 41, 63, 74, 80, 82
 (ক) সংক্ষিপ্ত শর্তসমূহের গড় নির্ণয়ের ধাপসমূহ লেখ। ২
 (খ) গণসংখ্যা সারণি থেকে গড় নির্ণয় করো। ৪
 (গ) গণসংখ্যা সারণি হতে অজিত রেখা আঁক। ৪
- ৮। কোনো শ্রেণির শিক্ষার্থীদের প্রাপ্ত নম্বরের গণসংখ্যা নিবেশন সারণি নিম্নরূপ :
- | শ্রেণিব্যাপ্তি | 41-50 | 51-60 | 61-70 | 71-80 | 81-90 | 91-100 |
|----------------|-------|-------|-------|-------|-------|--------|
| গণসংখ্যা | 10 | 12 | 14 | 5 | 7 | 2 |
- (ক) গুরুত্বযুক্ত উপাত্তের গড় বলতে কী বোঝ? ২
 (খ) সারণি হতে মধ্যক ও প্রচুরক নির্ণয় করো। ৪
 (গ) প্রদত্ত উপাত্ত হতে গণসংখ্যা বহুভুজ আঁক। ৪

সংক্ষিপ্ত প্রশ্ন

যেকোনো ১০টি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$

- ১। $A = \{x : x \text{ পূর্ণসংখ্যা এবং } -1 < x < 1\}$ হলে $P(A)$ নির্ণয় করো।
 ২। উৎপাদকে বিশ্লেষণ করো : $a^3 - 9 + (a+1)^3$
 ৩। 6 ঘন সে.মি. আয়তনের একটি বস্তুর ওজন 18 ডেসিগ্রাম বস্তুর ওজন সম-আয়তন পানির ওজনের শতকরা কত ভাগ হবে?
 ৪। 20 cm ব্যাসের কোনো বৃত্তের কেন্দ্র হতে যে জ্যায়ের দূরত্ব 6 cm সেই জ্যায়ের দৈর্ঘ্য নির্ণয় করো।
 ৫। একটি চতুর্ভুজের তিনটি বাহু এবং দুইটি কর্ণের দৈর্ঘ্য দেওয়া আছে। চতুর্ভুজটির চিহ্নিত চিত্র অঙ্কন করো।
 ৬। একটি কলম $x\%$ ক্ষতিতে বিক্রয় করলে যে মূল্য পাওয়া যায় $5x\%$ লাভে বিক্রয় করলে $18x$ টাকা বেশি পাওয়া যায়। কলমটির ক্রয়মূল্য কত?
 ৭। 1 হতে 20 পর্যন্ত মৌলিক সংখ্যাগুলোর মধ্যক নির্ণয় করো।
 ৮। সমাধান করো : $2\sin x \cdot \cos x = \sin x (0^\circ \leq x \leq 90^\circ)$
 ৯। 211 মি. 20 সে.মি. পথ যেতে একটি চাকা 48 বার ঘোরে। চাকাটির ব্যাস নির্ণয় করো।
 ১০। 0, 2, 0, 1, 0, 2, 3, 1 সংখ্যাগুলোর মধ্যক নির্ণয় করো।
 ১১। কোনো ত্রিভুজের দুই বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 9 সে.মি. ও 10 সে.মি. এবং 225 বর্গ সে.মি. হলে বাহুদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ কত?
 ১২। $\operatorname{cosec} A + \cot A = \frac{3}{5}$ হলে $\cot A - \operatorname{cosec} A = ?$
 ১৩। ধাপ বিচ্যুতি-4, শ্রেণি মধ্যবিন্দু 40.5 শ্রেণিব্যাপ্তি 5 হলে অনুমিত গড় কত?
 ১৪। $\frac{a}{b} = \frac{c}{d} = \frac{e}{f} = \frac{g}{h}$ হলে দেখাও যে, প্রত্যেকটি অনুপাত $\frac{a+c+e+g}{b+d+f+h}$
 ১৫। একটি বৃত্তক্ষেত্রের ক্ষেত্রফল একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের সমান হলে, তাদের পরিসীমার অনুপাত নির্ণয় করো।

11

যশোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, যশোর
নির্বাচনী পরীক্ষা-২০২৫; গণিত (বহুনির্বাচনী)

সময় : ৩০ মিনিট

পূর্ণমান : ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বলপয়েন্ট কলম দ্বারা ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১।]

১। $\{x \in \mathbb{Z} : x^2 - 9 = 0\}$ এর তালিকা পদ্ধতিতে প্রকাশিত রূপ কোনটি?

- ক) \emptyset খ) $\{-3\}$
গ) $\{3\}$ ঘ) $\{-3, 3\}$

২। $f(y) = y^2 - \left(a + \frac{1}{a}\right)y + 1$ হলে y এর কোন মানের জন্য $f(y) = 0$ হবে?

- ক) $0, a$ খ) $0, \frac{1}{a}$
গ) $a, -\frac{1}{a}$ ঘ) $a, \frac{1}{a}$

৩। সেট C হতে সেট B এ একটি সম্পর্ক R হলে নিচের কোনটি সঠিক?

- ক) $R \subset C$ খ) $R \subset B$
গ) $R \subseteq C \times B$ ঘ) $C \times B \subseteq R$

৪। $a + b = 3$ এবং $ab = 2$ হলে, $a^2 - ab + b^2$ এর মান কত?

- ক) 3 খ) 5 গ) 9 ঘ) 13

■ নিচের তথ্যের আলোকে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :

$$x^2 - \sqrt{3}x + 1 = 0$$

৫। $x + \frac{1}{x} =$ কত?

- ক) $-\sqrt{3}$ খ) -3 গ) $\sqrt{3}$ ঘ) 3

৬। $x^3 + \frac{1}{x^3}$ এর মান কোনটি?

- ক) 0 খ) $3\sqrt{3}$ গ) $6\sqrt{3}$ ঘ) $9\sqrt{3}$

৭। $a^2 - 1 + 2b - b^2$ এর উৎপাদক কত?

- ক) $(a + b + 1)(a - b + 1)$
খ) $(a + b + 1)(a + b - 1)$
গ) $(a + b + 1)(a + b + 2)$
ঘ) $(a + b - 1)(a - b + 1)$

৮। $f(x)$ এর একটি উৎপাদক $(2x + 5)$ হলে, নিচের কোনটির জন্য $f(x)$ শূন্য হবে?

- ক) $f(-5)$ খ) $f\left(\frac{-5}{2}\right)$
গ) $f(-2)$ ঘ) $f\left(\frac{-2}{5}\right)$

৯। 5% সরল মুনাফায় 400 টাকা কত বছরে মুনাফা-আসলে 520 টাকা হবে?

- ক) 4 খ) 6 গ) 24 ঘ) 46

১০। স্থূলকোণী ত্রিভুজের স্থূলকোণ ছাড়া বাকি কোণ দুটি কত হলে ত্রিভুজ অঙ্কন করা সম্ভব?

- ক) 30° ও 60° খ) 40° ও 50°
গ) 45° ও 45° ঘ) 50° ও 30°

১১। পরিসীমা ও একটি কোণ দেওয়া থাকলে নিচের কোনটি আঁকা সম্ভব?

- ক) রম্বস খ) আয়ত
গ) সামান্তরিক ঘ) ট্রাপিজিয়াম

১২। 30 সেমি ব্যাস বিশিষ্ট বৃত্তের কেন্দ্র হতে 9 সেমি দূরে অবস্থিত জ্যা এর দৈর্ঘ্য কত সেমি?

- ক) 12 খ) 21 গ) 24 ঘ) 42

১৩। কোনো বৃত্তের উপচাপে অন্তর্লিখিত কোণের মান কোনটি হবে?

- ক) 60° খ) 75° গ) 90° ঘ) 100°

১৪। O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে $ABCD$ একটি অন্তর্লিখিত চতুর্ভুজ। $\angle B = 135^\circ$ হলে $\angle D =$ কত?

- ক) 45° খ) 60° গ) 90° ঘ) 225°

১৫। দুইটি বৃত্ত পারস্পরিক বহিঃস্পর্শ করলে বৃত্ত দুইটির মধ্যে সর্বোচ্চ কয়টি সাধারণ স্পর্শক আঁকা যায়?

- ক) 4 খ) 3 গ) 2 ঘ) 1


১৬। 9 সেমি, 12 সেমি এবং 15 সেমি বাহুবিশিষ্ট ত্রিভুজের পরিবৃত্তের ব্যাসার্ধ কত সেমি?

- ক) 4.5 খ) 6 গ) 7.5 ঘ) 15

১৭। $\sec\theta + \tan\theta = \frac{7}{2}$ হলে $\sec\theta$ কত?

- ক) $\frac{45}{28}$ খ) $\frac{53}{28}$ গ) $\frac{45}{14}$ ঘ) $\frac{53}{14}$

১৮।



উপরের চিত্রে $\triangle ABC$ এর

- i. ক্ষেত্রফল 24 বর্গসেমি
ii. পরিসীমা 60 সেমি
iii. $\angle BAC < \angle ACB$

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯। $\cot(\theta - 30^\circ) = \frac{1}{\sqrt{3}}$ হলে $\sin\theta =$ কত?

- ক) $\frac{1}{2}$ খ) 0 গ) 1 ঘ) $\frac{\sqrt{3}}{2}$

২০। $\sin 3A = \cos 3A$ হলে A এর মান কত?

- ক) 15° খ) 20° গ) 25° ঘ) 30°

২১। 261টি আম তিন ভাইয়ের মধ্যে $\frac{1}{3} : \frac{1}{5} : \frac{1}{9}$ অনুপাতে ভাগ করে দিলে 1ম ভাই কতটি আম পাবে?

- ক) 45 খ) 81 গ) 90 ঘ) 135

২২। একটি আয়তক্ষেত্রের ক্ষেত্রফল দৈর্ঘ্য ২০% বৃদ্ধি এবং প্রস্থ ১০% হ্রাস পেলে আয়তক্ষেত্রের ক্ষেত্রফল শতকরা কত হ্রাস বা বৃদ্ধি পাবে?

- ক) 8% বৃদ্ধি খ) 10% বৃদ্ধি
গ) 8% হ্রাস ঘ) 10% হ্রাস

২৩। $\frac{a}{b} = \frac{b}{c} = \frac{2}{3}$ হলে $a : c$ এর মান কত?

- ক) 2 : 3 খ) 3 : 4 গ) 4 : 9 ঘ) 9 : 4

২৪। যদি $\frac{x}{y} = \frac{2}{3}$ হয়, তবে $\frac{6x + y}{3x + 2y}$ এর মান কত?

- ক) $\frac{4}{5}$ খ) $\frac{14}{15}$ গ) $\frac{5}{4}$ ঘ) $\frac{20}{13}$

২৫। একটি ত্রিভুজের দুটি বাহুর দৈর্ঘ্য 6 সেমি ও 8 সেমি এবং ক্ষেত্রফল $12\sqrt{2}$ বর্গসেমি হলে, ঐ বাহুদ্বয়ের মধ্যবর্তী কোণ কত?

- ক) 30° খ) 45° গ) 60° ঘ) 90°

২৬। একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য 6 সেমি হলে তার পরিসীমা কত সেমি?

- ক) $3\sqrt{2}$ খ) $6\sqrt{2}$ গ) $8\sqrt{2}$ ঘ) $12\sqrt{2}$

২৭। কোনো বৃত্তের ব্যাসার্ধ 10 সেমি হলে এর যে বৃত্তচাপ কেন্দ্রে 60° কোণ তৈরি করে তার দৈর্ঘ্য কত?

- ক) $\frac{5\pi}{3}$ সেমি খ) $\frac{10\pi}{3}$ সেমি

- গ) $\frac{25\pi}{3}$ সেমি ঘ) $\frac{50\pi}{3}$ সেমি

২৮। একটি সমবৃত্তভূমিক বেগনের ভূমির ব্যাসার্ধ 4 সেমি এবং উচ্চতা 12 সেমি হলে এর বক্রতলের ক্ষেত্রফল কত?

- ক) $96\pi \text{ cm}^2$ খ) $128\pi \text{ cm}^2$
গ) $192\pi \text{ cm}^2$ ঘ) $384\pi \text{ cm}^2$

২৯। পরীক্ষায় প্রাপ্ত জিপিএ কোন ধরনের চলক?

- ক) বিচ্ছিন্ন চলক খ) অবিন্যস্ত চলক
গ) অবিচ্ছিন্ন চলক ঘ) বিন্যস্ত চলক

৩০। ধাপ বিচ্যুতি $ui =$ কোনটি?

- ক) $\frac{xi - a}{h}$ খ) $\frac{xi + a}{h}$

- গ) $\frac{xi}{h} + a$ ঘ) $\frac{a - xi}{h}$

গণিত (সৃজনশীল ও সংক্ষিপ্ত)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ৭০

[প্রত্যেক বিভাগ থেকে ন্যূনতম ১টি করে প্রশ্নসহ মোট ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে। $৫ \times ১০ = ৫০$]

“সৃজনশীল অংশ”

ক-বিভাগ : বীজগণিত

- ১। আবির 5% হারে 10,000 টাকা 3 বছরের জন্য ব্যাংক ঋণ নিল।
- (ক) $18x^3 + 15x^2 - x - 2$ এর উৎপাদকে বিশ্লেষণ করো। ২
- (খ) উক্ত টাকার সরল মুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য নির্ণয় করো। ৪
- (গ) যদি উভয় মুনাফার পার্থক্য 45.75 টাকা হয় তবে আবিরের ঋণের পরিমাণ কত টাকা হবে? ৪
- ২। (i) $y^2 = xz$
 $p = 26$ মিটার এবং $q = 10$ মিটার
- (ক) (i) হতে দেখাও যে, $\frac{xyz(x+y+z)^3}{(xy+yz+zx)^3} = 1$ ২
- (খ) $\frac{x^2+y^2}{y^2+z^2} = \frac{(x+y)^2}{(y+z)^2}$ হলে উদ্দীপকের আলোকে (i) নং প্রতিষ্ঠিত করো। ৪
- (গ) যদি p ও q এর মানকে আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ বিবেচনা করা হয়, তবে আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 10% বৃদ্ধি এবং প্রস্থ 20% হ্রাস পেলে ক্ষেত্রটির ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি বা হ্রাস পাবে তা নির্ণয় করো। ৪

খ-বিভাগ : জ্যামিতি

- ৩। ABC সমবাহু ত্রিভুজের পরিকেন্দ্র O এবং পরিবৃত্তের বহিঃস্থ বিন্দু P হতে বৃত্তটির PM ও PN দুইটি স্পর্শক।
- (ক) $\angle AOB$ এর মান নির্ণয় করো। ২
- (খ) পরিবৃত্তটি অঙ্কন করো। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪
- (গ) প্রমাণ করো যে, $PM = PN$ ৪
- ৪। O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে PQ ও RS ব্যাস ভিন্ন দুইটি জ্যা। $OM \perp PQ$ এবং $ON \perp RS$
- (ক) প্রমাণ করো যে, অর্ধবৃত্তস্থ কোণ এক সমকোণ। ২
- (খ) যদি $OM = ON$ হয় তবে প্রমাণ করো যে, $PQ = RS$ । ৪
- (গ) যদি PQ ও RS জ্যাদ্বয় বৃত্তের অভ্যন্তরে E বিন্দুতে পরস্পরকে সমকোণে ছেদ করে তবে প্রমাণ করো যে, $\angle POS + \angle QOR =$ দুই সমকোণ। ৪

গ-বিভাগ : ত্রিকোণমিতি ও পরিমিতি

- ৫। $p = \cos A$, $q = \sin A$
- (ক) $\tan x = \cot y = \sqrt{3}$ হলে $\cos(x+y)$ এর মান নির্ণয় করো। ২
- (খ) $p^2 + p^4 = 1$ হলে প্রমাণ করো যে, $\left(\frac{p}{q}\right)^4 - \left(\frac{p}{q}\right)^2 = 1$ ৪
- (গ) $p - q = \sqrt{5}q$ হলে প্রমাণ করো যে, $4q + p = \sqrt{5}p$ ৪
- ৬। (i) একটি সমবাহু ত্রিভুজের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য 10 মিটার বাড়ালে ক্ষেত্রফল $100\sqrt{3}$ বর্গমিটার বেড়ে যায়।
- (ii) 6 সেমি, 8 সেমি এবং 10 সেমি ধারবিশিষ্ট তিনটি ধাতব ঘনককে গলিয়ে একটি নতুন ঘনক তৈরি করা হলো।
- (ক) রম্বসের দুইটি কর্ণের দৈর্ঘ্য যথাক্রমে 20 সেমি এবং 24 সেমি। রম্বসের ক্ষেত্রফল নির্ণয় করো। ২
- (খ) (i) অনুসারে সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয় করো। ৪
- (গ) (ii) অনুসারে নতুন ঘনকটির কর্ণের দৈর্ঘ্য নির্ণয় করো। ৪

ঘ-বিভাগ : পরিসংখ্যান

- ৭। 30 জন শিক্ষার্থীর বার্ষিক পরীক্ষার প্রাপ্ত নম্বর দেওয়া হলো :
 60, 51, 61, 58, 53, 48, 52, 73, 51, 57, 64, 52, 49, 56, 48, 67, 70, 59, 68, 54, 46, 67, 56, 54, 45, 50, 72, 69, 63, 55।
- (ক) শ্রেণিব্যাগ 5 ধরে শ্রেণিসংখ্যা নির্ণয় করো। ২
- (খ) সারণি হতে সংক্ষিপ্ত পদ্ধতিতে গড় নির্ণয় করো। ৪
- (গ) সারণি হতে বিবরণসহ অজিভ রেখা অঙ্কন করো। ৪
- ৮। দশম শ্রেণির 50 জন শিক্ষার্থীর ওজনের গণসংখ্যা সারণি নিচে দেওয়া হলো :

ওজন (কেজি)	31-40	41-50	51-60	61-70	71-80	81-90
শিক্ষার্থীর সংখ্যা	6	8	13	10	8	5

- (ক) কেন্দ্রীয় প্রবণতা বলতে কী বোঝ? ২
- (খ) প্রদত্ত উপাত্তের প্রচুরক নির্ণয় করো। ৪
- (গ) প্রদত্ত উপাত্তের গণসংখ্যা বহুভুজ অঙ্কন করো। ৪

সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন : (১০টি প্রশ্নের উত্তর দিতে হবে) $১০ \times ২ = ২০$

- ১। $A = \{5, a, b, c\}$ এবং $B = \{3, c, d\}$ হয় তবে $(A \cap B)$ এর প্রকৃত উপসেট নির্ণয় করো।
- ২। $y - \frac{2}{y} = 2a$ হলে $\frac{6a}{y^2 - 2ay - 1}$ এর মান নির্ণয় করো।
- ৩। $x^2 = \sqrt{5}x - 1$ হলে $x^3 + \frac{1}{x^3}$ এর মান নির্ণয় করো।
- ৪। সমকোণী ত্রিভুজের অতিভুজ ও অপর দুই বাহুর সমষ্টি দেওয়া আছে। ত্রিভুজটি আঁক। [অঙ্কনের চিহ্ন আবশ্যিক]
- ৫। O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে ABCD একটি অন্তর্লিখিত চতুর্ভুজ। $\angle ADB + \angle BDC$ এক সমকোণ। প্রমাণ করো যে, A, O, C এক সরলরেখায় অবস্থিত।
- ৬। 3 সেমি, 4 সেমি ও 5 সেমি ব্যাসার্ধবিশিষ্ট তিনটি বৃত্ত পরস্পর বহিঃস্পর্শক করলে কেন্দ্রত্রয় দ্বারা গঠিত ত্রিভুজটির পরিসীমা নির্ণয় করো।
- ৭। একটি বৃত্তের ব্যাসার্ধ 3.5 সেমি। বৃত্তটির কোনো বিন্দুতে একটি স্পর্শক আঁক। [অঙ্কনের চিহ্ন আবশ্যিক]
- ৮। $3\sin^2\theta - 4\cos^2\theta = 0$ হলে $\tan\theta$ এর মান নির্ণয় করো।
- ৯। a, b, c ত্রিমিক সমানুপাতী হলে,
 দেখাও যে, $a^2b^2c^2 \left(\frac{1}{a^3} + \frac{1}{b^3} + \frac{1}{c^3}\right) = a^3 + b^3 + c^3$
- ১০। কোনো মিশ্রণে পানি ও সিরাপের অনুপাত 2 : 3 হলে, এতে শতকরা কতভাগ পানি আছে?
- ১১। একটি সুষম ষড়ভুজের কেন্দ্র হতে কৌণিক বিন্দুর দূরত্ব 6 মিটার হলে, এর ক্ষেত্রফল কত বর্গমিটার নির্ণয় করো।
- ১২। একটি বৃত্তের ক্ষেত্রফল একটি বর্গের ক্ষেত্রফলের সমান হলে, বৃত্তের পরিসীমা ও বর্গের পরিসীমার অনুপাত নির্ণয় করো।
- ১৩। যদি $L = 48$, $F_c = 31$, $f_m = 25$, $h = 6$ এবং $n = 72$ হয় তবে মধ্যক নির্ণয় করো।
- ১৪। একটি কলমের প্রকৃত মূল্যের 20% কমিশনে 48 টাকায় ক্রয় করা হলো। কলমটির প্রকৃত মূল্য কত?
- ১৫। $g(y) = \frac{3y+1}{3y-1}$ হলে, $\frac{g(y-2)+1}{g(y-2)-1}$ এর মান নির্ণয় করো।



আওয়ার লেডি অব ফাতেমা গার্লস হাই স্কুল, কুমিল্লা
নির্বাচনি পরীক্ষা-২০২৫; গণিত (বহুনির্বাচনি)

সময় : ৩০ মিনিট

পূর্ণমান : ৩০

দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অডীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে

সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) কালো বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১।

- ১। $(A \times B)$ সেটের অন্তর্গত ক্রমজোড়গুলোর সেট কীরূপ সেটকে অস্বয় বলে?
ক) শূন্য উপসেট খ) অশূন্য উপসেট
গ) পাওয়ার সেট ঘ) ফাঁকা সেট
- ২। $f(n) = 2n - 16$ হলে, n এর কোন মানের জন্য $f(n) = 0$ হবে?
ক) ৪ খ) 16
গ) 4 ঘ) -6
- ৩। A ও B দুটি নিশ্চৈদ সেট হলে $A \cap B$ এর মান নিচের কোনটি?
ক) $\{0\}$ খ) 0 গ) ϕ ঘ) $\{\phi\}$
- ৪। নিচের কোনটি $\{x \in \mathbb{N} : 13 < x < 17$ এবং x মৌলিক সংখ্যা} সেটটিকে তালিকা পদ্ধতিতে প্রকাশ করো?
ক) ϕ খ) $\{0\}$
গ) $\{\phi\}$ ঘ) $\{13, 17\}$
- ৫। $9x^2 + 16y^2$ এর সাথে কত যোগ করলে যোগফল পূর্ণবর্গ রাশি হবে?
ক) $6xy$ খ) $12xy$
গ) $24xy$ ঘ) $144xy$
- ৬। $p^2 - q^2 = 9$ এবং $pq = 3$ হলে,
i. $(p - q)^2 = 3$
ii. $(p + q)^2 = 15$
iii. $p^2 + q^2 + p^2q^2 = 18$
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii
- ৭। তিনটি বাহুর দৈর্ঘ্য (সে.মি.) দেওয়া হলো। কোন ক্ষেত্রে ত্রিভুজ অঙ্কন সম্ভব?
ক) 3, 5, 6 খ) 4, 5, 9
গ) 5, 6, 12 ঘ) 6, 7, 16
